

প্রেস রিলিজ
৩০ ডিসেম্বর ২০২৫

দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে বাউবি উপাচার্যের গভীর শোক

গণতন্ত্র হারালো এক অভিভাবক, জাতির জন্য অপূরণীয় ক্ষতি:

উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম

তিনবারের সফল সাবেক প্রধানমন্ত্রী, বাংলাদেশের প্রথম নারী সরকারপ্রধান, আপোষহীন দেশনেত্রী ও বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি)-এর প্রতিষ্ঠাতা চ্যান্সেলর বেগম খালেদা জিয়া আজ ভোর ছয়টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইম্মা লিল্লাহি ওয়া ইম্মা ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে দেশব্যাপী শোকের ছায়া নেমে এসেছে।

দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম।

শোক বার্তায় উপাচার্য বলেন, “বাংলাদেশের ইতিহাসে তিনবারের সফল প্রধানমন্ত্রী ও আপোষহীন দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে দেশ হারালো গণতন্ত্রের একজন অভিভাবকে। স্বাধীনতার ঘোষক শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সহধর্মিণী হিসেবে এবং রাষ্ট্রনায়ক হিসেবে তিনি যে অবদান রেখেছেন, তা জাতির ইতিহাসে চিরস্মরণীয় হয়ে থাকবে। এ ক্ষতি কখনো পূরণ হবার নয়।”

তিনি আরও বলেন, “পদবির বাইরেও বেগম খালেদা জিয়া ছিলেন লড়াইয়ের প্রতীক, নীরব সহনশীলতার শক্তি ও অদম্য সাহসের ভাষা। ঝড়ের ভেতর দাঁড়িয়ে থাকা এক দৃঢ়চেতা নারী হিসেবে তিনি অপমান, অবিচার, কারাবাস এবং দীর্ঘ অসুস্থতার মধ্যেও মাথা নত করেননি। ক্ষমতাকে নয়, দায়িত্বকে বেছে নিয়ে দেশকে ভালোবাসার অর্থ তিনি আমাদের শিখিয়েছেন।”

উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম খালেদা জিয়ার বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বলেন, “মহান আল্লাহ তায়ালা যেন তাঁকে জাম্মাতুল ফেরদৌস নসিব করেন এবং তাঁর পরিবার, সহযোদ্ধা ও দেশবাসীকে এই শোক সহ্য করার তৌফিক দান করেন। তিনি আরও বলেন, আজ দেশের আকাশ যেন ভারী। রাজনীতির ময়দানে নেমে এসেছে গভীর শূন্যতা। একটি প্রজন্ম হারালো তাদের মা, নেত্রী ও প্রেরণার উৎস। ইতিহাস থমকে দাঁড়িয়ে শোক জানাচ্ছে এক অদম্য নারী নেত্রীর প্রয়াণে।”

দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মৃত্যুতে শ্রদ্ধা জানিয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আজ সাধারণ ছুটি ঘোষণা করেছে এবং বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখার সিদ্ধান্ত নিয়েছে। একই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা গভীর শোক প্রকাশ করেছেন।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)